

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
উপপরিচালকের দপ্তর

সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	মো: নজরুল ইসলাম উপপরিচালক
সভার তারিখ	১৮ মে ২০২৩খ্রি.
সভার সময়	২:০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ ও অনলাইন প্ল্যাটফর্ম (জুম)
উপস্থিতি	পরিশিষ্ট'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্গত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রের (মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) আওতাধীন সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের (স্টেকহোল্ডারগণের) সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের পরিকল্পনা রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি দাপ্তরিক ও নাগরিক সেবা কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের নিমিত্ত প্রতিটি দপ্তরের নির্ধারিত সেবা প্রদান প্রতিশ্রুতি অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভাকে অবহিত করেন যে, মৎস্য অধিদপ্তরীয় সেবা প্রদানসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে স্বচ্ছতার সাথে সম্পাদন করার জন্য প্রতিটি দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি রয়েছে। সভায় উপপরিচালকের কার্যালয়ের পাশাপাশি জেলা ও উপজেলা কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিস্তারিত উপস্থাপিত হয় এবং কোন সেবা প্রাপ্তিতে কোন পর্যায়ে সেবাগ্রহীতার করণীয় কি সে বিষয়ে সবিস্তারে আলোচনা হয়। অংশগ্রহণকারীগণ সরকারের গৃহিত এ কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন। এতে সরকারী কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতার ক্ষেত্র তৈরী হবে এবং সেবা গ্রহীতাগণ তাদের প্রত্যাশিত সেবা পাবেন বলে সভায় অভিমত পোষণ করা হয়।

সভায় সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ নিম্নলিখিত মতামত ব্যক্ত/পরামর্শ প্রদান করেন:

ক) বিভিন্ন দপ্তরের ওয়েবপোর্টালে উল্লেখিত কর্মকর্তাগণের ব্যক্তিগত মোবাইল নম্বরের স্থলে সরকারি মোবাইল নম্বর ব্যবহার করলে কর্মকর্তাগণের বদলিজনিত যোগাযোগ সমস্যা সহজে সমাধান সম্ভব,

খ) অনেক ক্ষেত্রে সিটিজেনস চার্টারের ভাষা সহজ করা যেতে পারে;

গ) শেরপুর জেলায় ১টি সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার স্থাপন করলে চাষীদের জন্য রেণু ও পোনা প্রাপ্তি সহজ হবে।

সিদ্ধান্ত

১. সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ অবস্থায় দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শিত হবে।

২. সিটিজেনস চার্টারে মৎস্য অধিদপ্তর প্রদত্ত কর্পোরেট মোবাইল নম্বর ব্যবহার করতে হবে।

৩. নির্দিষ্ট সেবার বিপরীতে নির্ধারিত কর্মদিবসের মধ্যেই সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫-০৬-২০২৩
মো: নজরুল ইসলাম
উপপরিচালক

নম্বর: ৩৩.০২.৬১০০.৩০৮.৪৪.০০২.২২.২০৭

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০৫ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ :

১। জেলা মৎস্য কর্মকর্তা (সকল), ময়মনসিংহ বিভাগ।



মুহাম্মদ সালাহ উদ্দীন

০৭-০৬-২০২৩

মুহাম্মদ সালাহ উদ্দীন কবির
সহকারী পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

(১) অংশীজনের উপস্থিতির তালিকা সেবা প্রদান স্টেক হাজিরা